45

দৈনিক ইত্তেফাক

তারিখ ...13 NOV 1989...
পৃষ্ঠা... ২ ... কলাম ... ৩

# চট্টগ্রাম ও রাজশাহীতে ডেন্টাল কলেজ স্থাপনের সিদ্ধান্ত

॥ মেডিক্যাল রিপোর্টার ॥

দেশে আরও দুইটি নূতন ডেন্টাল কলেজ স্থাপনের জন্য স্বাস্থ্য মন্ত্রণালয় সিদ্ধান্ত নিয়াছে। ঢাকা ডেন্টাল কলেজ হাসপাতালের অধ্যক্ষ ও বিশিষ্ট দন্ত চিকিৎসক ডাঃ আশরাফ হোসেন জানান, গত বৃহস্পতিবার নূতন দুইটি ডেন্টাল কলেজ স্থাপন করার সিদ্ধান্তের চিঠি স্বাস্থ্য অধিদপ্তর হইতে পাইয়াছেন। নূতন ডেন্টাল কলেজ দুইটি চট্টগ্রাম মেডিক্যাল কলেজ ও রাজশাহী মেডিক্যাল

(শেষ পৃঃ ২-এর ৩ কঃ দ্রঃ)

## ডেন্টাল কলেজ

(১ম পৃঃ পর)

কলেজের তত্ত্বাবধানে পরিচালিত হইবে। এই ব্যাপারে চিকিৎসা ও শিক্ষা পরিচালক অধ্যাপক ডাঃ গোলাম রসুল জানান, দুই বৎসর ইহা মেডিকাল কলেজের আওতায় পরিচালিত হইবে পরে আলাদাভাবে দুইটি ডেন্টাল কলেজ স্থাপন করা হইবে। নূতন দুইটি ডেন্টাল কলেজের আসনসংখ্যা ৪০। বর্তমান শিক্ষাবর্ষ ১৯৮৯-৯০ সাল হইতে দুইটি কলেজে ২০ জন করিয়া প্রথমবর্ষ বি,ডি,এস কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তি করা হইবে। এতদিন ঢাকাতেই শুধু একটি ডেন্টাল কলেজ ছিল। ঢাকা ডেন্টাল কলেজের আসনসংখ্যা ৬০। ইহার মধ্যে বিদেশী ছাত্র-ছাত্রীদের জন্য ৫টি ও উপজাতীয় ছাত্র-ছাত্রীদের জন্য ১টি আসন সংরক্ষিত।

ডেন্টাল কলেজে ছাত্র-ছাত্রী ভর্তির নিয়মও পরিবর্তন করা হইয়াছে। বর্তমান শিক্ষাবর্ষ (১৯৮৯-৯০) হইতে মেডিক্যাল (এম,বি,বি,এস) ও ডেন্টাল কলেজ (বি,ডি,এস) সমূহে ভর্তি পরীক্ষা একই পদ্ধতিতে এবং একই সঙ্গে অনুষ্ঠিত হইবে। প্রার্থিগণকে মেডিক্যাল ও ডেন্টাল কলেজসমূহে মেধা এবং জেলা-ওয়ারী কোটা অনুযায়ী ভর্তি করা হইবে। পরীক্ষায় ভাল ফলাফলের ভিত্তিতে প্রার্থীদের উভয় কলেজে ভর্তি হওয়ার সুযোগ থাকিবে। দেশের বিশিষ্ট দুইজন দন্ত চিকিৎসক জানান, উক্ত পদক্ষেপের ফলে বাংলাদেশে দন্ত চিকিৎসার ক্ষেত্রে বৈপ্লবিক পরিবর্তন ঘটিবে।

### ডেন্টাল কলেজ হাসপাতাল

সরকার দেশে একটি পূর্ণাঙ্গ ডেন্টাল কলেজ হাসপাতাল স্থাপন করারও সিদ্ধান্ত নিয়াছেন। ২ শত শয্যাবিশিষ্ট এই ডেন্টাল কলেজ হাসপাতালটির জন্য মীরপুর ১৪ নং সেকশনে ৫ একর জায়গাও বরাদ্দ করা হইয়াছে। এখন দেশের ১১ কোটি জনসংখ্যার দন্ত রোগীদের জন্য একমাত্র ঢাকা ডেন্টাল কলেজ হাসপাতালে মাত্র ২০টি বেড রহিয়াছে। পূর্ণাঙ্গ ডেন্টাল কলেজ হাসপাতালটি তাড়াতাড়ি স্থাপন করা হইলে হাজার হাজার দন্ত রোগী উপকৃত হইবে।